

তারিখ: ২ অক্টোবর ২০২৪

বরাবর,  
মহাপরিচালক,  
প্রাথমিক ও গণশিক্ষা অধিদপ্তর,  
ঢাকা।

বিষয়: সহকারী শিক্ষক পদে নিয়োগের আবেদন।

জনাব,

বিনীত নিবেদন এই যে, গত ২২ সেপ্টেম্বর ২০২৪ তারিখে দৈনিক ইত্তেফাক পত্রিকায় প্রাথমিক ও গণশিক্ষা অধিদপ্তরের পক্ষ থেকে প্রাথমিক বিদ্যালয়ে সহকারী শিক্ষক নিয়োগের বিজ্ঞপ্তি প্রকাশিত হয়েছে। বিজ্ঞপ্তিতে উল্লিখিত যোগ্যতা অনুযায়ী আমি একজন আগ্রহী প্রার্থী। আমার শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা এবং জীবনবৃত্তান্ত বিবেচনার জন্য সংযুক্ত করা হলো:

ব্যক্তিগত তথ্য:

(ক) নাম: মোঃ তোহিদুর রহমান

(খ) পিতার নাম: মোঃ তাবিদ-উর রহমান

(গ) মাতার নাম: আবিদা রহমান

(ঘ) স্থায়ী ঠিকানা:

গ্রাম- রঙ্গপুর, ডাকঘর- রঙ্গপুর,

থানা- আগৈলঝাড়া, জেলা- বরিশাল।

(ঙ) বর্তমান ঠিকানা:

২৪, পুরানা পল্টন, ডা. নওয়াব আলী টাওয়ার, ঢাকা।

(চ) জন্মতারিখ: ০১ জানুয়ারি ১৯৯৪

(ছ) জাতীয়তা: বাংলাদেশি

(জ) বৈবাহিক অবস্থা: অবিবাহিত

শিক্ষাগত যোগ্যতা:

পরীক্ষার নাম	বিভাগ/শাখা	বোর্ড/বিশ্ববিদ্যালয়	জিপিএ/শ্রেণি	পাসের সাল
এসএসসি	বিজ্ঞান	যশোর বোর্ড	৩.৩৮	২০১১
এইচএসসি	মানবিক	ঢাকা বোর্ড	৪.০০	২০১৩
স্নাতক	অর্থনীতি	ইসলামী বিশ্ববিদ্যালয়, কুষ্টিয়া	৩.৫০	২০১৭
স্নাতকোত্তর	অর্থনীতি	ইসলামী বিশ্ববিদ্যালয়, কুষ্টিয়া	৩.৫৮	২০১৮

অভিজ্ঞতা:

১ বছরেরও বেশি সময় ধরে আমি একটি বেসরকারি স্কুলে শিক্ষকতা করে আসছি।

ব্যাংক ড্রাফটের বিবরণ:

নং: GOA 289134

ব্যাংক: অগ্রণী ব্যাংক, পুরানা পল্টন শাখা, ঢাকা।

অতএব, আপনার সদয় বিবেচনার জন্য আবেদন করছি যেন আমাকে সহকারী শিক্ষক পদে নিয়োগ দিয়ে দেশের শিক্ষাব্যবস্থার উন্নয়নে কাজ করার সুযোগ প্রদান করেন।

আবেদনকারীর স্বাক্ষর:

মোঃ তৌহিদুর রহমান

সংযুক্তিসমূহ:

১. শিক্ষাগত যোগ্যতার সত্যায়িত সনদপত্র।
২. অভিজ্ঞতার সনদপত্র।
৩. নাগরিকত্ব ও চারিত্রিক সনদপত্র।
৪. জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত অনুলিপি।
৫. ৫০০ টাকার ব্যাংক ড্রাফট।
৬. দুই কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি।